

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সাভেইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭৩

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ


৩১ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৭০ তম কমিশন সভা অদ্য ৩১/০৫/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অধ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Agro Organica PLC (এগ্রো অর্গানিকা পিএলসি) এর ৫.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি কারখানা ভবন সম্প্রসারণ, যন্ত্রপাতি অধিগ্রহণ, কার্যকরী মূলধন এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই, ২০২১ হতে ৩১ মার্চ, ২০২২ পর্যন্ত সময়কালের (নয় মাস) আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ১.১২ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) ১৪.৬৮ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Shahjalal Equity Management Limited।

০২. অধ্যকার সভায় কমিশন বে-মেয়াদি ফান্ড ‘Investasia Balanced Unit Fund’-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা Investasia Capital and Asset Management Limited ৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ৪৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো Investasia Capital and Asset Management Limited। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে সেনাটিনেল ট্রাস্টি এবং কাস্টডিয়াল সার্ভিসেস লিমিটেড।

  
31-05-2023  
মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র